



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৪৮০/নতুন/মাদারী/ ৭৪৫

তারিখ : ২৪/০৭/২০২২

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০২/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭-১০৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সারিস্তাবাদ হাজী আশুব উদ্দিন মিনা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় -কে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহ

- আগামী ০১ (এক) বছরের মধ্যে বিদ্যালয়ের নামে ক্রয়কৃত নিজস্ব জমিতে বিদ্যালয় স্থানান্তর এবং ভবন নির্মাণ করতে হবে ব্যর্থতায় পাঠদানের প্রাথমিক অনুমতি প্রত্যাহার করা হবে।
- প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষকগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
- বিদ্যালয়টি পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না।
- ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা যৌথনামে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ম্যানেজিং কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার) শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত সকল শর্ত মেনে চলতে হবে।
- এ অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাগরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ২০,০০০/- (বিশ হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাতাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

সারিস্তাবাদ হাজী আশুব উদ্দিন মিনা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়  
পাঃ- কে.এইচ.মাদারাসা, উপজেলাঃ- রাইজের  
জেলাঃ মাদারীপুর।

মেমো নং- ৭৪৫(৭)


তারিখ : ২৪/০৭/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, মাদারীপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, রাইজের, মাদারীপুর।
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।
- সভাপতি, নির্বাহী কমিটি, সারিস্তাবাদ হাজী আশুব উদ্দিন মিনা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
- অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

  
২৪/০৭/২০২২